

স্মারক নং-০৪.৫১৩.০১২.১৪.০২.০০২.২০১১-২১৭

তারিখ : ২৯ ফাল্গুন, ১৪১৮  
১২ মার্চ, ২০১২

### পরিপত্র


বিষয় : বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত সভায় বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে আমন্ত্রণ জানানোর ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থা কর্তৃক ঢাকায় আয়োজিত সভায় অংশগ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি ব্যতিরেকে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে আমন্ত্রণ জানানো হচ্ছে। এতে একদিকে প্রশাসনিক শৃঙ্খলা বিঘ্নিত হয়, অন্যদিকে মাঠ পর্যায়ের কার্যক্রম ব্যাহত হওয়ার আশঙ্কা থাকে।

২। উল্লেখ্য, Rules of Business, 1996-এর Schedul-1 (Allocation of Business among the Different Ministries and Divisions) অনুযায়ী বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সাধারণ প্রশাসন এবং আন্তঃমন্ত্রণালয় সমন্বয় মন্ত্রিপরিষদ বিভাগের কার্যপরিধিভুক্ত। এ পরিপ্রেক্ষিতে মাঠ প্রশাসনের কোন কর্মকর্তাকে মন্ত্রণালয়/বিভাগ কিংবা অধিদপ্তর/সংস্থা কর্তৃক ঢাকায় আয়োজিত কোন সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানোর ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি গ্রহণ বাঞ্ছনীয়। এ ছাড়া মূলত কমিশনার, জেলা প্রশাসক কিংবা উপজেলা নির্বাহী অফিসারগণের সঙ্গে মতবিনিময়ের জন্য কোন সভা আহ্বান করা হলে সেক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে আলোচনাক্রমে সভার তারিখ নির্ধারণ করা সমীচীন।

৩। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ঢাকায় আয়োজিত কোন সভায় বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক কিংবা উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণ একটি ব্যতিক্রমী বিষয়। কেবল অপরিহার্য হলেই তাদেরকে এ ধরনের সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে। আরও উল্লেখ্য যে, প্রতি বছর ঢাকায় তিনদিনব্যাপী যে জেলা প্রশাসক সম্মেলন অনুষ্ঠিত হয়, তাতে সকল মন্ত্রণালয়/বিভাগের জন্য অধিবেশন সন্নিবেশিত থাকে। মাঠ পর্যায়ের সঙ্গে মত বিনিময়ের ক্ষেত্রে জেলা প্রশাসক সম্মেলন একটি পরীক্ষিত ফোরাম।

৪। এমতাবস্থায়, মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ঢাকায় আয়োজিত কোন সভায় বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণের আবশ্যিকতা থাকলে মন্ত্রিপরিষদ বিভাগের পূর্ব-সম্মতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(বদরে মুনির ফেরদৌস)  
উপ-সচিব  
ফোন- ৭১৬৮৬৯৭

ই-মেইল : [gfa\\_branch@cabinet.gov.bd](mailto:gfa_branch@cabinet.gov.bd)

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব(সকল)

-----মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি :

১। বিভাগীয় কমিশনার (সকল)

-----বিভাগ।

২। জেলা প্রশাসক(সকল)

-----জেলা।